বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• তৃতীয় বর্ষ • ৮ম সংখ্যা • শ্রাবণ-ভাদ্র ১৪২৯ • সময়সীমা : ০১-৩১ আগস্ট ২০২২

## বিজিবি মহাপরিচালকের কার্যক্রম




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে সদর দপ্তর বিজিবি, পিলখানা, ঢাকায় অনুষ্ঠিত আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনী শেষে মূল্যবান বক্তব্য প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।



## সূচিপত্র

বিজিবি মহাপরিচালকের কার্যক্রম |
জাতীয় শোক দিবসের কার্যক্রম |
আভিযানিক কার্যক্রম |
প্রশিক্ষণ কার্যক্রম |
সিজার প্রতিবেদন |
মৃত্যু প্রতিবেদন |
দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ |



১০ আগস্ট ২০২২ তারিখে সদর দপ্তর বিজিবি, পিলখানা, ঢাকায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন তুরস্কের Armed Forces Foundation Company এর প্রতিনিধি Mr Sevket Unal এবং Mr Bahadir Siyez.



১৪ আগস্ট ২০২২ তারিখে গাজীপুর ব্যাটালিয়ন (৬৩ বিজিবি) পরিদর্শনকালীন ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় পরিচালিত মর্টার সতেজকরণ প্রশিক্ষণ পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



২৪ আগস্ট ২০২২ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর দমদমিয়া বিওপিতে পরিচালিত Air Boat এর উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।




২৪ আগস্ট ২০২২ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর হ্নীলা বিওপি'র সদস্যবৃন্দের সাথে মতবিনিময়কালীন তাদেরকে ব্যক্তিগত অস্ত্র ব্যবহারের উপর বিভিন্ন কৌশলগত দিকনির্দেশনা প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

## জাতীয় শোক দিবসের কার্যক্রম




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গরীব ও দুঃস্থদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেন সেক্টর কমান্ডার, ঢাকা সেক্টর।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) এর ব্যবস্থাপনায় বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের আলোকচিত্র।

## আভিযানিক কার্যক্রম



০১ আগস্ট ২০২২ তারিখে ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) এর নকশী বিওপি এবং ১০০ ব্যাটালিয়ন বিএসএফ এর এম বি রায় ক্যাম্প কর্তৃক পরিচালিত সমন্বিত টহলের আলোকচিত্র।



০৮-১১ আগস্ট ২০২২ তারিখ পর্যন্ত যামিনীপাড়া জোন (২৩ বিজিবি) ও মাটিরাঙ্গা আর্মি জোন এর সাথে পরিচালিত বিশেষ অপারেশনের আলোকচিত্র।

## প্রশিক্ষণ কার্যক্রম



আগস্ট ২০২২ মাসে ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত এমজি সতেজকরণ প্রশিক্ষণের আলোকচিত্র।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম রিক্রুট ব্যাচ এর মৌলিক প্রশিক্ষণের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীবৃন্দ কর্তৃক ছদ্মবেশ অনুশীলনের আলোকচিত্র।

## সিজার প্রতিবেদন

বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক আগস্ট ২০২২ মাসে ৮৬,৮৫,৪৭,৫২৪/- (ছিয়াশি কোটি পঁচাশি লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত চব্বিশ) টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানি পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ৯,৩৫,০২০ পিস ইয়াবা ট্যাবলেট, ২৭,৮৩০ বোতল ফেনসিডিল, ৮.১৮৮ কেজি হেরোইন, ১৬,৯৩৬ বোতল বিদেশি মদ, ৩৮৯ লিটার দেশি মদ, ২,৭৮৮ বোতল বিয়ার, ২,৯২৮.০৩০ কেজি গাঁজা, ৩.১৭১ কেজি ক্রিস্টাল মেথ আইস, ০৪ কেজি আফিম এবং ৩,২৯১টি নেশা জাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ০২টি পিস্তল, ০১টি রিভলবার, ০৪টি গান (বন্দুক), ০১টি ম্যাগাজিন, ০৭টি সীসা গুলি এবং ৫১ রাউন্ড গোলাবারুদ। এ ব্যাপারে ২,৮৩৫টি মামলা দায়ের এবং ৩১০ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নম্বর, পদবি ও নাম | ইউনিটের নাম | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | বাবুর্চি-৩৮৫০ বাবুর্চি দেলোয়ার হোসেন | আইসিটি ব্যাটালিয়ন, ঢাকা | ০১ আগস্ট ২০২২ | ডেঙ্গু হেমোরেজিক ফিভার |
| ২। | নম্বর-৮৪৫৪৮ সিগন্যালম্যান শ্রী নিশান ভৌমিক | জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | ১৪ আগস্ট ২০২২ | অস্ত্রের মেকসেফ ড্রিল অনুশীলনের সময় দুর্ঘটনা জনিত ফায়ারে গুলিবিদ্ধ হওয়ায় |
| ৩। | নম্বর-৭৬৫২৩ ল্যান্স নায়েক মোঃ ইসমাইল হোসেন | মারিশ্যা ব্যাটালিয়ন (২৭ বিজিবি) | ২৩ আগস্ট ২০২২ | সড়ক দুর্ঘটনা |
| ৪। | নম্বর-৭৩৬৮৫ ল্যান্স নায়েক মোঃ রফিকুল ইসলাম | সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) | ২৫ আগস্ট ২০২২ | হার্ট এ্যাটাক |

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর-৫৯৮৯৯ হাবিলদার<br>মোহাম্মদ কাইয়ুম হোসেন<br>তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | নাজিরগোমানী বিওপিতে চোরাকারবারিদের সাথে যোগসাজশে ২৭১টি গরু চোরাচালানের বিনিময়ে ১২,১৪,০১০/- টাকা উৎকোচ গ্রহণ, টহলদলকে ভ্রান্ত প্রেষণা প্রদানের মাধ্যমে চোরাচালানে সহযোগিতা, টহলদলের গমনাগমনের সময় রাস্তা ও টহলের উদ্দেশ্য সম্পর্কে গোপনীয় তথ্য প্রদান, ব্যাটালিয়ন হাবিলদার মেজরকে উৎকোচের টাকার ভাগ প্রদান, নিজের অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য ক্ষমতার অপব্যবহার করে নিজের স্বার্থ হাসিল এবং চোরাচালানে পরিকল্পনা ও সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ৫০% আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০২-০৮-২২।** |
| ২। | নম্বর-৭২১৭৯ ল্যান্স নায়েক<br>মোঃ রফিকুল ইসলাম<br>তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | নাজিরগোমানী বিওপিতে চোরাকারবারিদের সাথে যোগসাজশে গরু চোরাচালানের বিনিময়ে ২,৭৫,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদান, সকল সদস্যের পক্ষে উৎকোচ গ্রহণ এবং উৎকোচের টাকার ভাগ বিওপি'র সকল সদস্যকে প্রদানের মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ৫০% আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০২-০৮-২২।** |

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ৩। | নম্বর-৮৩২২৪ ল্যান্স নায়েক<br>মোঃ রাশেদুজ্জামান রাসেল<br>তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | নাজিরগোমানী বিওপিতে চোরাকারবারিদের সাথে যোগসাজশে গরু চোরাচালানের বিনিময়ে ২,০০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদান, সকল সদস্যের পক্ষে উৎকোচ গ্রহণ এবং উৎকোচের টাকার ভাগ বিওপি'র সকল সদস্যকে প্রদানের মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ৫০% আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০২-০৮-২২।** |
| ৪। | নম্বর-১০৬৭৪৩ সিপাহী<br>মোছাঃ মাতলুবা খাতুন<br>বিজি হাসপাতাল, ঢাকা | বিজিটিসিএন্ডসিতে রিক্রুট মৌলিক প্রশিক্ষণ চলাকালীন সিপাহী মোঃ ফরহাদ আলী (ড্রিল প্রশিক্ষক) এর সাথে পরিচিত হয়ে মোবাইলের মাধ্যমে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন, এক পর্যায়ে ছুটিতে থাকাকালীন সিপাহী ফরহাদকে নিজ পিতৃগৃহে রাত্রিযাপন করতে সম্মতি দেয়ার পাশাপাশি শারীরিক সম্পর্কে জড়িয়ে পড়েন। বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় কর্মরত থাকাকালীন পূর্বের প্রেমের সম্পর্কের জের ধরে নিয়মিত যোগাযোগ বজায় রাখেন এবং সিপাহী মোঃ ফরহাদ আলী'র স্ত্রী রোমানা জাহান কেমি অবৈধ সম্পর্কের বিষয়টি জানার পর মোবাইলে তাদের সম্পর্ক শেষ করার জন্য অনুরোধ জানানোর পরও সংশোধন না হয়ে তার সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন এবং তার এরূপ আচরণের ফলে স্বামী-স্ত্রীর মধ্যে পারিবারিক অশান্তি ও বিবাহ বিচ্ছেদের সৃষ্টি হয়। একজন বিবাহিত পুরুষের সাথে অনৈতিক শারীরিক সম্পর্কে লিপ্ত হয়ে তার কুরুচিপূর্ণ মনোভাব প্রকাশ করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৪-০৮-২২।** |
| ৫। | নম্বর-৫৭১৭২ ল্যান্স নায়েক<br>মোঃ ইব্রাহিম খলিল<br>নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) | বাংলাদেশ সেনাবাহিনীতে সিপাহী পদে স্থায়ী ঠিকানা পরিবর্তন করে ভর্তি হওয়ার প্রেক্ষিতে চাকুরী হতে বরখাস্ত এবং বরখাস্ত হওয়ার বিষয়টি গোপন করে বিজিবিতে তালিকাভুক্তি হন। এছাড়াও অর্জিত ছুটিতে গমন করে পারিবারিক সম্পত্তির বিরোধের জের ধরে নিজ বড় ভাই এর বাড়িতে প্রবেশ করে তার পরিবারের সদস্যদের হকি স্টিক দিয়ে মারধর, ভয়ভীতি প্রদর্শন এবং বাড়ী ভাঙ্চুর করার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৭-০৮-২২।** |
| ৬। | বিএম-৮০ বুটমেকার<br>মোঃ আমির হোসেন<br>বিজিটিসিএন্ডসি | বিজিটিসিএন্ডসিতে কর্মরত থাকাকালীন শহীদ বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ হলের সামনে পরিচ্ছন্নতাকর্মী শ্রী রিমন দাসের নিকট হতে দুই পুরি গাঁজা সংগ্রহের সময় গাঁজাসহ জিপি এনসিও কর্তৃক ধৃত হন। ছুটিতে থাকাকালীন স্থানীয় বন্ধু-বান্ধবের সাথে চলাফেরার মাধ্যমে মাদকাসক্ত হওয়া, ছুটি হতে যোগদানের সময় মাদকসহ পাবলিক পরিবহনে ভ্রমণ করা, প্রতিষ্ঠানের অভ্যন্তরে মাদক সেবন করা এবং বকশিশের প্রলোভন দেখিয়ে মাস্টাররোলে কর্মরত পরিচ্ছন্নতাকর্মী শ্রী রিমন দাসকে দিয়ে মাদক সরবরাহে আকৃষ্ট করার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ৫০% আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৭-০৮-২২।** |
| ৭। | নম্বর-৫৫৫০৯ হাবিলদার<br>মোঃ শাহজাহান মিয়া<br>নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) | সিপাহী মোঃ হাবিবুর রহমান এর সাথে স্নেহসুলভ সম্পর্ক গড়ে তুলে নিজের কাম বাসনা চরিতার্থ করার উদ্দেশ্যে ঘুমন্ত অবস্থায় তার রুমে প্রবেশ করে তাকে জড়িয়ে ধরে গালে চুম্বন করে এবং তাকে ভাল লাগে বলে জানায়। পরবর্তীতে তাকে রুম থেকে চলে যাওয়ার জন্য বললে তিনি রুম থেকে চলে যান এবং পুনরায় তার রুমে প্রবেশ করে বলাৎকার করার উদ্দেশ্যে বিবস্ত্র করার চেষ্টা করেন। সুকৌশলে বলাৎকার করার চেষ্টার মাধ্যমে নবীন সৈনিকদের মধ্যে বিজিবি সম্পর্কে নেতিবাচক মনোভাব সৃষ্টিসহ সার্বিক সুনাম ক্ষুণ্ন করে এবং তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদানের মাধ্যমে তদন্ত আদালতের কার্যক্রমকে ব্যাহত করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : দুই-তৃতীয়াংশ আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৮-০৮-২২।** |
| ৮। | ৭৬১৯৮ নায়েক<br>মোঃ আবুল বাশার<br>সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) | মাদলা বিওপিতে চোরাকারবারিদের সাথে যোগসাজশে চোরাচালানের বিনিময়ে ১৫,৬০০/- টাকা উৎকোচ গ্রহণ, বিওপি কমান্ডার অবৈধভাবে ভারতীয় সিম ব্যবহার করে উৎকোচের বিনিময়ে চোরাচালানে সহায়তা করার বিষয়টি জানা সত্ত্বেও কর্তৃপক্ষকে অবহিত না করে চোরাচালান কার্যক্রমে নিজেকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করেন এবং তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদান করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১০-০৮-২২।** |
| ৯। | নম্বর-৬৬৪০৭ ল্যান্স নায়েক<br>আতিকুল ইসলাম<br>সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) | বড়জ্বালা বিওপিতে চোরাচালান প্রতিরোধ টহল পরিচালনাকালে চোরাকারবারী জনৈক ইয়াসিন আলীকে ভারতীয় ৩,০০০টি মুরগীর বাচ্চা চোরাচালানে সহায়তা এবং চোরাচালানের বিনিময়ে ৩,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১০-০৮-২২।** |
| ১০। | নম্বর-৭২৬১১ হাবিলদার সহকারী<br>সঞ্জয় চন্দ্র দাস<br>ঢাকা ব্যাটালিয়ন (২৬ বিজিবি) | র‍্যাব-৬, খুলনায় একাউন্টস সহকারী হিসেবে কর্মরত থেকে একাউন্টস বিষয়ে দায়িত্বপ্রাপ্ত একাউন্টস অফিসার এর নিকট সরাসরি দায়বদ্ধ থাকা সত্ত্বেও চেইন অব কমান্ড ভঙ্গ করে অসৎ উদ্দেশ্যে অধিনায়কের নিকট সিদ্ধান্ত গ্রহণ, অবৈধভাবে পেট্রোল পাম্প হতে উদ্বৃত্ত জ্বালানী তেলের ২৮,৫০,০০০/- টাকা সংগ্রহ করে অধিনায়কের নিকট হস্তান্তর করছে মর্মে মিথ্যা জবানবন্দি প্রদান, একাউন্টস অফিসারকে অবগত না করে এসএম এর নিকট হতে ৪,০০,০০০/- টাকা সংগ্রহ করে প্রাইভেট ফান্ডে জমা ও ব্যাংকে ৩৮,৫০,০০০/- টাকা জমা, এসএম ও একাউন্টস অফিসারের বিরুদ্ধে তদন্ত আদালতে মিথ্যা অভিযোগ আনয়নসহ আত্মসাৎকৃত অর্থের হিসাব মেলানোর জন্য একাউন্টস অফিসারকে সংশ্লিষ্ট করে দায় এড়ানোর চেষ্টা এবং অধিনায়কের বিরুদ্ধে আনীত প্রত্যেক অভিযোগে তার সহযোগী হিসেবে অভিযুক্তকে বাঁচানোর উদ্দেশ্যে তদন্ত আদালতের প্রতিটি প্রশ্নোত্তরে মিথ্যা বিবৃত্তি প্রদানের মাধ্যমে তদন্ত আদালতের সময়সীমা দীর্ঘায়িত করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১৬-০৮-২২।** |
| ১১। | নম্বর-১১০৩৪৮ সিপাহী<br>জান্নাতুল ফেরদৌস<br>পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) | অসামরিক লোকভর্তির দালাল চক্রের সাথে সম্পৃক্ততা এবং একই ব্যাটালিয়নের সিপাহী জিএম হাসানুর জামানকে সম্পৃক্ত করে প্রাইমারি শিক্ষক নিয়োগের প্রার্থী সংগ্রহ করে নিয়োগ বাণিজ্যের সাথে প্রতক্ষ্যভাবে জড়িত হয়। এছাড়াও তালিকাভুক্তির পূর্বে বিবাহ, যৌতুক গ্রহণ, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করে লাইকি/টিকটক ব্যবহার এবং ইউনিফর্ম পরিহিত অবস্থায় ছবি আপলোড করাসহ মোবাইলে একাধিক নারীর সাথে অবৈধ সম্পর্ক গড়ে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২১-০৮-২২।** |
| ১২। | নম্বর-৫৭৭৩২ হাবিলদার<br>মোঃ ইকবাল হোসেন<br>সদর দপ্তর বিজিবি, রক্ষণাবেক্ষণ ও নির্মাণ পরিদপ্তর, পূর্ত শাখা, ঢাকা | নাজিরগোমানী, বুড়িমারী ও ঝালংগী বিওপিতে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের সাথে যোগসাজশে বিভিন্ন সময়ে ৩,৩১৫টি গরু চোরাচালানের বিনিময়ে ১৯,০০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, টহলদলের সদস্যদের ভ্রান্ত প্রেষণা প্রদান করে চোরাচালানে সহায়তা, টহলদলের গমনাগমনের সময়, যাতায়াতের রাস্তা ও টহলের গোপনীয় তথ্য প্রদান, ব্যাটালিয়ন হাবিলদার মেজরকে উৎকোচের টাকার ভাগ প্রদান এবং নিজের অসৎ উদ্দেশ্য চারিতার্থ করার জন্য ক্ষমতার অপব্যবহার করে নিজের স্বার্থ হাসিল করাসহ চোরাচালানে পরিকল্পনা ও সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৮-২২।** |
| ১৩। | নম্বর-৬৭৩৫৫ ল্যান্স নায়েক<br>নূরে আলম<br>টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | উনচিপ্রাং বিওপিতে কর্মরত থাকাকালীন নাফ নদীতে মৎস্য আহরণের নিষেধাজ্ঞা জারী থাকা সত্ত্বেও জেলেদের মৎস্য আহরণে সহায়তার বিনিময়ে ১৭,০০০/- টাকা উৎকোচ গ্রহণের মাধ্যমে অসামরিক পরিমন্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করে। এছাড়াও নিজের অবৈধ অপকর্মের বিষয় লুকানোর জন্য বিওপি কমান্ডার স্থানীয় জেলেদের নিকট ০২টি নৌকা বিক্রয় করেছে মর্মে ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট মিথ্যা অভিযোগ আনয়ন, টহলদলের সদস্য সিপাহী মোঃ হৃদয় মাতুব্বরকে দিয়ে বিওপি কমান্ডার এর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনয়ন এবং তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদানের মাধ্যমে তদন্ত কার্যক্রমকে দীর্ঘায়িত করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৮-০৮-২২।** |
| ১৪। | নম্বর-৮২৬৪৩ ল্যান্স নায়েক<br>মোঃ বাহার উদ্দিন<br>কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি) | রেজুপাড়া বিওপিতে কর্মরত থাকাকালীন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত জোড়াব্রিজ নামক এলাকায় সিভিল পোশাকে সোর্স জনৈক মোঃ শফি আলম ও মোঃ রফিককে সঙ্গে নিয়ে একই মোটর সাইকেল যোগে হেলমেট ব্যতিত গমন করে আসামী বিহীন ১,২০,০০০ পিস ইয়াবা আটক করে। বিওপিতে প্রত্যাগমনের পূর্বে ৬০,০০০ পিস ইয়াবা আত্মসাৎ এর উদ্দেশ্যে মোঃ শফি আলমকে প্রদান পূর্বক ৫,০০,০০০/- টাকা গ্রহণ করেন। অবশিষ্ট ৬০,০০০ পিস ইয়াবা নিয়ে বিওপিতে হাজির হয় এবং বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য টহলদল নিয়ে জোড়াব্রিজ এলাকায় গমন ও তল্লাশীর নামে ছলচাতুরীর আশ্রয় গ্রহণ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ০২ বছরের সশ্রম কারাদন্ডসহ চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৯-০৮-২২।** |